

বিষয় : বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর অবকাঠামো নির্মাণ ও কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর ৪র্থ সভার কার্যপত্র।

প্রকল্প পরিচিতি	:	
প্রকল্পের নাম	:	BIRTAN এর অবকাঠামো নির্মাণ ও কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্প
প্রকল্পের মেয়াদ	:	জুলাই, ২০১৩ - জুন, ২০১৭ খ্রিঃ
প্রকল্প অনুমোদনের তারিখ	:	১৪.০৮.২০১৩ খ্রিঃ
প্রকল্পে প্রাক্কলিত ব্যয়ের (আরএডিপি) পরিমাণ	:	১৭৮২০.০০ লক্ষ টাকা
২০১৩-২০১৪ অর্থ বছরের অর্থ ছাড়ের পরিমাণ	:	১২৩৭.০০ লক্ষ টাকা
২০১৪-২০১৫ অর্থ বছরের অর্থ ছাড়ের পরিমাণ	:	৯২৫.০০ লক্ষ টাকা
২০১৫-২০১৬ অর্থ বছরের অর্থ ছাড়ের পরিমাণ	:	৩৫০০.০০ লক্ষ টাকা

<p>প্রকল্পের মূল উদ্দেশ্য</p>	<p>• BIRTAN -এর প্রধান কার্যালয়, আঞ্চলিক কেন্দ্র, গবেষণাগার, প্রশিক্ষণ কেন্দ্র, আবাসিক সুবিধাদির ভৌত অবকাঠামো নির্মাণ</p> <p>• পুষ্টি হীনতা হ্রাসকরণের লক্ষ্যে খাদ্য ভিত্তিক পুষ্টি, নিরাপদ খাদ্য এবং পুষ্টি নিরাপত্তা, Post harvest technology, খাদ্য প্রক্রিয়াজাত এবং সংরক্ষণ ইত্যাদি বিষয়ে দেশের জনগণের সচেতনতা সৃষ্টি, প্রেরণা যোগান ও উদ্বুদ্ধকরণের জন্য বারটানের প্রশিক্ষণ কর্মসূচী জোরদারকরণ।</p> <p>• খাদ্য ভিত্তিক পুষ্টির উপর কার্যকর গবেষণা এবং প্রযুক্তি হস্তান্তরের লক্ষ্যে দক্ষ মানব সম্পদ সৃষ্টি করা।</p> <p>• দেশের সমস্যা সংকুল এলাকার জন্য খাদ্য গ্রহণ অভ্যাস/ধরণ বিষয়ে সুপারিশ প্রণয়ন</p> <p>• দেশের মানব সম্পদের উন্নয়ন</p> <p>• দেশের অপুষ্টি দূরীকরণের লক্ষ্যে খাদ্য ভিত্তিক পুষ্টি গবেষণা</p> <p>• প্রয়োজনীয় জনবল নিয়োগ এবং তাদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে খাদ্য ভিত্তিক পুষ্টি বিষয়ে ফলপ্রসূ গবেষণার ফলাফল দেশ ব্যাপী বিস্তার ঘটানো।</p>
<p>প্রকল্প বাস্তবায়ন শেষে প্রত্যাশিত ফলাফল</p>	<p>• ইনস্টিটিউট প্রধান কার্যালয়, আঞ্চলিক কেন্দ্র, গবেষণাগার, প্রশিক্ষণ কেন্দ্র ও আবাসিক সুযোগ-সুবিধাদির ভৌত ব্যবস্থা থাকবে।</p> <p>• প্রশিক্ষণ এবং উদ্বুদ্ধকরণ কার্যক্রম এর মাধ্যমে খাদ্য ভিত্তিক পুষ্টি বিষয়ে দেশ ব্যাপী সচেতনতা জোরদার হবে।</p> <p>• বিভিন্ন দপ্তর, পরিদপ্তরের কর্মকর্তাগণ এবং বিভিন্ন কলেজ, হাই স্কুল, প্রাইমারী স্কুল, মাদ্রাসা, কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান এর ছাত্র শিক্ষকগণ এবং ইউ পি মেম্বার, এনজিও কর্মী, ইমাম- পুরোহিত-পাদ্রী-ধর্মীয় নেতা, কৃষক-কিষাণীগণ ফলিত পুষ্টি প্রশিক্ষণ, নিরাপদ খাদ্য ও স্যানিটেশন, খাদ্য ও পুষ্টি নিরাপত্তা, Post harvest technology, খাদ্য সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ এবং খাদ্যে ভেজাল বিষয়ের উপর অধিকতর সচেতন ও উদ্বুদ্ধ হবে।</p> <p>• খাদ্য ভিত্তিক পুষ্টি বিষয়ে বারটানের গবেষণা কার্যক্রম এর সুযোগ-সুবিধার উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি পাবে।</p> <p>• শিক্ষার বিভিন্ন স্তরে পুষ্টি শিক্ষার মান হালনাগাদ ও উন্নয়ন হবে।</p> <p>• দেশের সমস্যা সংকুল এলাকায় বিশেষ করে চর, উপকূল, হাওড়, লবনাক্ত প্রবণ, পার্বত্য এলাকার মানুষের খাদ্য গ্রহণ অভ্যাস/ ধরণ বিষয়ক সুপারিশ প্রণয়ন করা সম্ভব হবে।</p> <p>• বারটান এর জনশক্তি অধিকতর দক্ষ ও প্রশিক্ষিত হবে।</p> <p>• পুষ্টিমাণ সম্পন্ন শাক সজ্জি, ফলমূল ও অন্যান্য খাদ্য দ্রব্য উৎপাদন বৃদ্ধি এবং জনপ্রতি দৈনিক খাদ্য গ্রহণের পরিমাণ বৃদ্ধির মাধ্যমে অপুষ্টির হার হ্রাস পাবে।</p> <p>• সারা দেশে কর্মসংস্থানের অধিকতর সুযোগ সৃষ্টি হবে।</p> <p>• অধিক পুষ্টিমান সম্পন্ন শাক সবজি ও ফল মূল উৎপাদন এবং সরবরাহ বৃদ্ধি পাবে।</p>